দৈনিক সংবাদ

শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ 01 MAY 1989
পৃষ্ঠা 1 কলাম ৫

# তেজগাঁ পলিটেকনিক ইন্সটিটিউটের হোস্টেল থেকে অস্ত্র উদ্ধার

(নিজস্ব বার্তা পরিবেশক)

ঢাকা মেট্রোপলিটন পুলিশের গোয়েন্দা শাখা গতকাল রোববার তেজগাঁ পলিটেকনিক ইনষ্টিটিউটের একটি হোষ্টেল থেকে বিপুল পরিমাণ অস্ত্রশস্ত্র উদ্ধার করেছে। রক্তমাখা ১টি গেঞ্জি ও

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:)

## হোস্টেল থেকে অস্ত্র উদ্ধার

(১ম পাতার পর)

১টি শার্টও উদ্ধার করা হয়েছে। জিজ্ঞাসাবাদের জন্য হোষ্টেল ক্লার্ক গোলাম মোস্তফা, গার্ড হারুনুর রশিদ এবং আবুল বাশারকে আটক করা হয়েছে। গোয়েন্দা শাখার অফিসাররা তাদের জিজ্ঞাসাবাদ করছেন।

পুলিশের একটি সূত্রে জানা গেছে যে, জিজ্ঞাসাবাদকালে তাদের ২।১ জনের কাছ থেকে বেআইনী অস্ত্রশস্ত্র এবং রক্তমাখা গেঞ্জি ও শার্ট সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য পাওয়া গেছে। পুলিশ এসব তথ্য প্রকাশ করতে নারাজ।

পুলিশ সূত্রে জানিয়েছে যে, গোপন সূত্রের সংবাদের ভিত্তিতে গোয়েন্দা শাখার সহকারী কমিশনার আকরাম হোসাইন ও আখতারুজ্জামান ভুঁইয়ার নেতৃত্বে একটি বিশেষ দল গতকাল রোববার ভোর ৫টায় উক্ত হোষ্টেলে তল্লাশি অভিযান চালায়। উদ্ধারকৃত অস্ত্রশস্ত্রের মধ্যে রয়েছে ২টি বন্দুক, ১টি চাপাতি, ১টি বেয়নেট, ২১ রাউণ্ড বন্দুকের গুলী, ২১ রাউণ্ড পিস্তলের গুলী, ১টি পিস্তল, আগ্নেয়াস্ত্র তৈরীর যন্ত্রাংশ প্রভৃতি।